**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৩০ ডিসেম্বর ২০১৫, ১৬ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশ কখনোই পাকিস্তান আফগানিস্তানের মতো হবে না : রাষ্ট্রপতি

২। ৯০ ভাগ উন্নয়ন কাজ হচ্ছে নিজস্ব অর্থায়নে : বিমান বাহিনীর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। আজ পৌরসভা নির্বাচন : প্রথমবারের মতো দলীয় প্রতীকে নির্বাচন

৪। নির্বাচনী দায়িত্ব পালনে শৈথিল্য বরদাস্ত করা হবে না : সিইসি

৫। নির্বাচনী কর্মকর্তাদের জন্য বাড়তি নিরাপত্তা : স্বরাষ্ট্রমন্ত্রী
-বিশ্ব ইজতেমায় সিসি ক্যামেরা ও ওয়াচ টাওয়ারের আওতায় থাকবে পুরো মাঠ

৬। ব্যাংকের চাকরির আবেদনে কোনো ফি নেওয়া যাবেনা : গভর্নর

৭। প্রাথমিক সমাপনী, জেএসসি ও জেডিসির ফল প্রকাশ আগামীকাল

৮। পাঠ্যপুস্তক উৎসবের প্রস্তুতি শেষ

৯। মোবাইলে দিনে পাঁচশত টাকার বেশি রিচার্জ নয় : বিটিআরসি'র নির্দেশনা

১০। বঙ্গবন্ধুর জন্মদিনে আগামী বছর ১৭ মার্চ
থেকে সারা দেশে স্বাস্থ্যসেবা সপ্তাহ : স্বাস্থ্যমন্ত্রী

১১। সরকার ও জনগণের দূরত্ব ঘুচাবে ই-ফাইলিং : তথ্যমন্ত্রী

১২। প্রবাসী আয়ে দশম বাংলাদেশ

চলমান পাতা/২

## ১। বাংলাদেশ কখনোই পাকিস্তান আফগানিস্তানের মতো হবে না : রাষ্ট্রপতি

বাংলাদেশে সম্প্রতি জঙ্গি তৎপরতা বৃদ্ধির প্রেক্ষাপটে রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেছেন, এর পেছনে হয়তো আন্তর্জাতিকভাবে ইন্ধন থাকতে পারে। তবে বাংলাদেশ কখনোই পাকিস্তান-আফগানিস্তানের মতো হবে না। বঙ্গভবনে বিবিসি বাংলার সঙ্গে এক সাক্ষাৎকারে আবদুল হামিদ বলেন, মসজিদে আক্রমণ কিংবা ভিন্ন ধর্মাবলম্বীদের হুমকির ও হামলার বিষয়গুলো বাংলাদেশের জন্য দুর্ভাগ্যজনক। রাষ্ট্রপতি বলেন, 'এটা আসলে আমাদের কাছে অনাকাঙ্ক্ষিত, কোনোভাবে এটা বাংলাদেশে হতে পারে না। কারণ আমরা হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান- সবাই কিন্তু এ দেশকে স্বাধীন করার জন্য যুদ্ধ করেছিলাম এবং এভাবেই তো দেশ চলছিল; কিন্তু হঠাৎ করে এটা দুঃখজনক।' গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার রাষ্ট্রপতির এ সাক্ষাৎকারটি প্রচার করে বিবিসি।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

## ২। ৯০ ভাগ উন্নয়ন কাজ হচ্ছে নিজস্ব অর্থায়নে : বিমানবাহিনীর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্বের বুকে বাংলাদেশ আজ মর্যাদাপূর্ণ অবস্থানে অধিষ্ঠিত হয়েছে। আমাদের বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন ২৭ বিলিয়ন ডলারের ওপরে। দারিদ্র্যের হার ২২.৪ ভাগে নেমে এসেছে। মাথাপিছু আয় বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ৩১৪ মার্কিন ডলার। বাজেটের পরিধি চারগুণ বৃদ্ধি পেয়েছে। বর্তমানে উন্নয়ন কর্মসূচির ৯০ ভাগই নিজস্ব অর্থায়নে হচ্ছে। আমরা বেতনভাতা ১২৩ ভাগ বৃদ্ধি করেছি। পৃথিবীর কোনো দেশে এর নজির নেই। সরকারের নানামুখী অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডের কারণে এ সবকিছু সম্ভব হয়েছে। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার যশোরে অবস্থিত বিমান বাহিনী একাডেমির প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত বাংলাদেশ বিমানবাহিনীর শীতকালীন রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২)।

## ৩। আজ পৌরসভা নির্বাচন : প্রথমবারের মতো দলীয় প্রতীকে নির্বাচন

প্রথমবারের মতো আজ বুধবার ৩০ ডিসেম্বর স্থানীয় সরকারের অন্যতম প্রতিষ্ঠান পৌরসভায় মেয়র পদে দলীয়ভাবে দলীয় প্রতীকে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আজ ভোট হবে ২৩৪টি পৌরসভায়। মেয়র নির্বাচনের পাশাপাশি নির্দলীয়ভাবে এসব পৌরসভায় একই সঙ্গে নির্বাচন হবে কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলর পদে। সূত্র-**ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সানসহ** অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪।　**নির্বাচনী দায়িত্ব পালনে শৈথিল্য বরদাস্ত করা হবে না : সিইসি**

নির্বাচনী দায়িত্ব পালনে কারো শৈথিল্য বরদাস্ত করা হবেনা বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দিন আহমদ। তিনি বলেন, নির্বাচনের দায়িত্ব পালনে শৈথিল্য বা পক্ষপাতিত্ব বরদাস্ত করা হবে না। দায়িত্বে থেকে কেউ অনিয়ম করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচনের দায়িত্বে থাকা সংশ্লিষ্ট সবাইকে রাষ্ট্রীয় এ দায়িত্ব সঠিকভাবে পালনের নির্দেশ দেন তিনি। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.১ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)।

চলমান পাতা-৩



৫।　**নির্বাচনী কর্মকর্তাদের জন্য বাড়তি নিরাপত্তাঃ স্বরাষ্ট্রমন্ত্রী**

**-বিশ্ব ইজতেমায় সিসি ক্যামেরা ও ওয়াচ টাওয়ারের আওতায় থাকবে পুরো মাঠ**

পৌর নির্বাচনে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের জঙ্গি হামলার ‘আশংকায়’ বাড়তি সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশ দিয়েছে পুলিশ সদর দফতর। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার জেলার পুলিশ সুপারদের এ সংক্রান্ত নির্দেশ প্রদান করা হয়। নির্বাচন উপলক্ষে পুলিশ সদর দফতরে খোলা হয়েছে মনিটরিং সেল। তদারকিতে পুলিশ সদর দফতরের একজন ডিআইজির নেতৃত্বে রয়েছেন ৭ জন এআইজি। একইভাবে অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া গেলে মনিটরিং সেলের মাধ্যমে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এ প্রসঙ্গে বলেছেন, পৌরসভা নির্বাচনে নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশের কিছু নেই। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নির্বাচন কমিশনের অধীনে রয়েছে। নির্বাচন কমিশনের যখন-যেখানে-যেভাবে তাদের প্রয়োজন হবে তারা সে অনুযায়ী কাজ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

আসন্ন বিশ্ব ইজতেমায় ১৪টি ওয়াচ-টাওয়ারের মাধ্যমে পুরো ইজতেমা ময়দান থাকবে সিসি ক্যামেরার আওতায়। বিশ্ব ইজতেমার নিরাপত্তা দিতে পূর্ণ প্রস্তুতি রয়েছে সরকারের। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার সচিবালয়ে বিশ্ব ইজতেমা নিয়ে আয়োজিত উচ্চ পর্যায়ের বৈঠক শেষে সাংবাদিকদের এ সব তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৩), **প্রথম আলো** (শেষপৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.২)।

৬।　**ব্যাংকের চাকরির আবেদনে কোনো ফি নেওয়া যাবেনা : গভর্নর**

এখন থেকে চাকরির আবেদনে কোনো ধরনের ফি না নিতে সরকারি-বেসরকারি সব ব্যাংকের প্রতি নির্দেশ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। কোনো প্রতিষ্ঠান চাইলে তার

বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট ও কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ আয়োজিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান খাতের গ্রাহক অধিকার সংরক্ষণ বিষয়ক আলোচনা সভায় এ কথা বলেন গভর্নর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.১),

**ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৭। প্রাথমিক সমাপনী, জেএসসি ও জেডিসির ফল প্রকাশ আগামীকাল**

পঞ্চম ও অষ্টম শ্রেণির সমাপনী, জেএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেওয়া ৫৬ লাখ শিক্ষার্থীর পরীক্ষার ফল আগামীকাল ৩১ ডিসেম্বর বৃহস্পতিবার প্রকাশ হবে। এসব পরীক্ষার রীতি অনুযায়ী বিভিন্ন শিক্ষা বোর্ড এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার আগামীকাল ৩১ ডিসেম্বর সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে পরীক্ষার ফলের অনুলিপি পেশ করবেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮)।

চলমান পাতা-৪



**৮। পাঠ্যপুস্তক উৎসবের প্রস্তুতি শেষ**

প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের চার কোটি ৪৪ লাখ ১৬ হাজার শিক্ষার্থীর দোরগোড়ায় পৌঁছে গেছে সাড়ে ৩৩ কোটি নতুন পাঠ্যবই। উপজেলা ও স্কুল পর্যায়ে পৌঁছে গেছে মোট বইয়ের শতভাগ। নতুন বছরের প্রথম দিন ১ জানুয়ারি শুক্রবার স্কুল খোলা রেখে সূচনা হবে সপ্তাহব্যাপী পাঠ্যপুস্তক উৎসবের। এ উৎসবের মধ্য দিয়ে প্রতিটি শিক্ষার্থী বিনামূল্যে নতুন বই পাবে বলে সকলকে আশ্বস্ত করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭)।

**৯। মোবাইলে দিনে পাঁচশত টাকার বেশি রিচার্জ নয় : বিটিআরসি'র নির্দেশনা**

মোবাইল ফোনে প্রি-প্রেইড গ্রাহকদের দিনে সর্বোচ্চ ৫০০ টাকার রিচার্জ সীমা বেঁধে দিয়েছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার বিটিআরসি এ সংক্রান্ত নির্দেশনা মোবাইল অপারেটরদের কাছে পাঠিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ,ক.২) **ডেইলি স্টার** বিজনেসপাতা (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১০। বঙ্গবন্ধুর জন্মদিনে আগামী বছর ১৭ মার্চ থেকে সারা দেশে স্বাস্থ্যসেবা সপ্তাহ : স্বাস্থ্যমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে আগামী বছর থেকে **১৭** মার্চ সারাদেশে সপ্তাহব্যাপী স্বাস্থ্যসেবা সপ্তাহ পালন করা হবে। দেশের সকল সরকারি ও বেসরকারি হাসপাতালে এ সেবা প্রদান করা হবে। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে জনগণের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সূত্র-**জনকণ্ঠ (**শেষপৃ,ক.**১**), সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬)।

**১১। সরকার ও জনগণের দূরত্ব ঘুচাবে ই-ফাইলিং : তথ্যমন্ত্রী**

ই-ফাইলিং সরকার ও জনগণের মধ্যকার দূরত্ব কমিয়ে জবাবদিহিতার সুযোগ বাড়াবে বলে উল্লেখ করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। এতে সরকারের দক্ষতা শতভাগ বেড়ে যাবে বলেও আশা তার। গতকাল ২৯ ডিসেম্বর মঙ্গলবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের আওতায় ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনকালে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.২)।

**১২। প্রবাসী আয়ে দশম বাংলাদেশ**

প্রবাসী-আয় বা রেমিট্যান্স অর্জনকারী দেশ হিসেবে বাংলাদেশ এখন সারা বিশ্বে দশম অবস্থানে। অভিবাসন ও প্রবাসী-আয় নিয়ে সম্প্রতি বিশ্বব্যাংকের প্রকাশিত ফেক্টবুক-২০১৬ থেকে এ তথ্য পাওয়া গেছে। শীর্ষ ৩০ দেশের রেমিট্যান্স প্রবাহের চিত্র রয়েছে বিশ্বব্যাংকের এই প্রতিবেদনে। সূত্র-**প্রথমআলো** (পৃ.১৩,ক.২)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ইত্তেফাক, ডেইলি সান, নিউজ টুডে, অবজারভার :** দেশের ২৩৪টি পৌরসভার নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** বিভিন্ন পাবলিক পরীক্ষায় জিপিএ ৫ বাড়ানোর চেয়ে শিক্ষার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ, ডেইলি স্টার :** জঙ্গিবাদ নির্মূলে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ, যায়যায়দিন :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার একটি নির্মাণাধীন ভবনের কার্ণিশ থেকে পাঁচ বছরের এক শিশুর গলাকাটা লাশ উদ্ধারের ঘটনা নৃশংস উল্লেখ করে শিশুদের প্রতি সহিংসতা সৃষ্টিকারী ব্যক্তিদের চিহ্নিত করে কঠোর শাস্তির দাবি।

ঙ. **ইনকিলাব :** ফুয়েল সারচার্জের নামে অর্থপাচারের অভিযোগে পাঁচটি শীর্ষ বিদেশি এয়ারলাইন্সের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে যাচ্ছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ উল্লেখ করে এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এ সেক্টরের প্রতিটি স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতার নিশ্চিত করতে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** কৃষিজাত পণ্যের লভ্যাংশ থেকে মধ্যস্বত্ব ভোগীদের বাদ দিতে সাপ্লাই চেইনে সরাসরি কৃষকদের সংযুক্ত করতে দেশব্যাপী রেলওয়ে নেটওয়ার্ক চালু করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের ৩৪টি সংরক্ষিত বনভূমির সুরক্ষায় ইটের ভাটায় গ্যাস ও কয়লা এবং আসবাবপত্র তৈরিতে কাঠের বিকল্প ব্যবহার করার পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উচ্চতর শিক্ষার গুণগতমান বৃদ্ধিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আন্তরিকভাবে প্রচেষ্টা চালানোর সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** ইংরেজি নববর্ষ উদযাপনে আউটডোর প্রোগ্রাম ও সমাবেশে নিষেধাজ্ঞা আরোপের পরিপ্রেক্ষিতে পুলিশকে এ ব্যাপারে তরুণদের সাথে সংযত আচরণ করার আহ্বান।

ঞ. **নিউএজ :** খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালের ক্যান্সার ইন্সটিটিউটের দুইটি রেডিওথেরাপি মেশিন ঢাকায় স্থানান্তরের সিদ্ধান্ত খুলনায় ক্যান্সার চিকিৎসার পরিস্থিতিকে আরও খারাপ করবে বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে পুলিশ, র‌্যাব এবং বিজিবি সক্রিয় ও নিরপেক্ষভাবে কাজ করলে উপযুক্ত পরিবেশে নির্বাচন কমিশনের সবল নেতৃত্বে বেসামরিক প্রশাসনের পৌরসভা নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার সক্ষমতা রয়েছে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত 'বিশ্বের বাতাসে মাত্রাতিরিক্ত দূষণ' শীর্ষক নিবন্ধে ড. মো. হুমায়ুন কবীর বায়ু দূষণ কমাতে পরিচালিত সবুজ বনায়ন বিরাট ভূমিকা পালন করতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা